# ম্যাজিস্ট্রেটের সঙ্গে উত্তপ্ত তর্ক, রুমিন ফারহানাকে শোকজ



সংগৃহীত ছবি

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ব্যারিস্টার রুমিন ফারহানার বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ উঠেছে। এ ঘটনায় জেলা প্রশাসনের পক্ষ থেকে তাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।

জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক শারমিন আক্তার জাহানের সই করা নোটিশে তাকে আগামী ২২ জানুয়ারি সকাল ১১টায় জেলা প্রশাসকের কার্যালয়ে উপস্থিত হয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছে। রোববার রাতে এই নোটিশ জারি করা হয়।

এর আগে সরাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তা মো. আবুবকর সরকার রুমিন ফারহানার বিরুদ্ধে জনসমাগম সৃষ্টি ও প্রশাসনিক কাজে বাধার অভিযোগ করেন। তিনি শনিবার নির্বাচনী অনুসন্ধান ও বিচারিক কমিটি এবং সিনিয়র সিভিল জজ আশরাফুল ইসলামের কাছে লিখিতভাবে বিষয়টি জানান এবং আইনগত ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন।

LENS ASIA

নোটিশে উল্লেখ করা হয়, আচরণবিধি অমান্য করে তিনি ৪০০ থেকে ৫০০ জনের উপস্থিতিতে বড় পরিসরে মঞ্চ তৈরি করে জনসভায় রাজনৈতিক বক্তব্য দেন। সভা বন্ধের নির্দেশ দিলে নির্বাহী ম্যাজিস্ট্রেটের সঙ্গে তিনি অসৌজন্যমূলক আচরণ ও হুমকিমূলক মন্তব্য করেন।

ঘটনার একটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়ার পর বিষয়টি নিয়ে ব্যাপক সমালোচনা শুরু হয়।